# শর্তসাপেক্ষে লাইসেন্স ফিরে পেল আদ্-দ্বীন হাসপাতাল




ছবি: সংগৃহীত

রাজধানীর মগবাজারের আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালকে আবারও লাইসেন্স দিয়েছে সরকার। সোমবার (২৭ জুলাই) তিনটি শর্তে হাসপাতালটির লাইসেন্স পুনর্বহাল করা হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. কামরুজ্জামান চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, হাসপাতাল কর্তৃপক্ষকে দ্য মেডিকেল প্র্যাকটিস অ্যান্ড প্রাইভেট ক্লিনিকস অ্যান্ড ল্যাবরেটরিজ (রেগুলেশন) অর্ডিন্যান্স, ১৯৮২-এর বিধান মেনে চলতে হবে।

এ ছাড়া লাইসেন্সের শর্ত অনুযায়ী প্রয়োজনীয় ডিউটি ডাক্তার ও নার্স নিয়োগের কাজ দ্রুত শেষ করতে হবে। পাশাপাশি লাইসেন্সের শর্তগুলো যথাযথভাবে পালন না করলে সরকার অনুমোদিত কর্তৃপক্ষ যেকোনো সময় আইন অনুযায়ী ব্যবস্থা নিতে পারবে।

বিস্তারিত আসছে...

LENS ASIA